

স্মারক নং-০৫.৩০.৬৮০০.১১১.০০.০১৩.২০০৯- ১৪৩১

তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৩
২৩ নভেম্বর ২০১৬

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়ন সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর ৩১ (ক) ও (খ) অনুচ্ছেদ মোতাবেক নরসিংদী জেলা ম্যাজিস্ট্রেটসি হতে ইস্যুকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, যাদের আগ্নেয়াস্ত্র লাইসেন্সের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখে শেষ হবে, তাদের লাইসেন্স পরবর্তী মেয়াদে নবায়নের জন্য আগামী ০১.১২.২০১৭ হতে ৩১.০১.২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এর জুডিসিয়াল মুন্সিখানা শাখায় (তেয় তলা, কক্ষ নং-৩১৩) নবায়ন করা হবে। লাইসেন্স নবায়নকালে নিজ নিজ অস্ত্র, গোলাবারুদ এবং ব্যবহারকৃত গোলাবারুদের হিসাব (সংশ্লিষ্ট থানার জিডি'র কপি) সম্বলিত তথ্যাদিসহ ব্যক্তিগতভাবে হাজির থাকার জন্য অনুরোধ করা হলো। যাদের অস্ত্র থানায়/ মালখানায় বা আইনানুগ অন্য কোন প্রতিষ্ঠানে জমা আছে, সে ক্ষেত্রে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদের জমার স্বপক্ষে জিডির কপি/উপযুক্ত প্রমাণক কাগজপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০২। আগ্নেয়াস্ত্রের লাইসেন্সের নবায়ন ফি এবং নবায়ন ফি'র উপর প্রযোজ্য ১৫% হারে ভ্যাট বাবদ নিম্নবর্ণিত টাকা চালানোর মাধ্যমে নরসিংদী জেলাস্থিত সোনালী ব্যাংক লি: নরসিংদী শাখায় জমাপূর্বক চালানোর মূল কপি নবায়নের জন্য দাখিল করতে হবে।

(ক) :-

০১	ব্যক্তি পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: পিস্তল/রিভলবার : ১০,০০০/- (দশ হাজার) টাকা বন্দুক/শটগান/রাইফেল : ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	১৫% হারে ভ্যাট : ১,৫০০/- টাকা ১৫% হারে ভ্যাট : ৭৫০/- টাকা
০২	আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: লং ব্যারেল : ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা	১৫% হারে ভ্যাট : ৭৫০/- টাকা
০৩	প্রতিষ্ঠান পর্যায়ে	লাইসেন্স নবায়ন ফি: লং ব্যারেল : ১০,০০০/- (দশ হাজার) টাকা	১৫% হারে ভ্যাট : ১,৫০০/- টাকা

(খ) যে কোড নাম্বারে নবায়ন ফি চালানোর মাধ্যমে জমা দিতে হবে

১	২	২	১	১	০	০	০	০	১	৮	৫	৯
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

(গ) যে কোড নাম্বারে ১৫% হারে ভ্যাট চালানোর মাধ্যমে জমা দিতে হবে

১	১	১	৩	৩	০	০	৩	০	০	৩	১	১
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

০৩। এ কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা নবায়ন কার্য সম্পাদন করবেন।


ড. সুভাষ চন্দ্র বিশ্বাস
জেলা ম্যাজিস্ট্রেট
নরসিংদী

ফোনঃ +৮৮০২৯৪৬২৫০০

ফ্যাক্স : +৮৮০২৯৪৬৪৪৩৩

e-mail: dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৬৮০০.১১১.০০.০১৩.২০০৯- ১৪৩১/১ (১২৫)


তারিখ: ০৯ অগ্রহায়ণ ১৪২৩
২৩ নভেম্বর ২০১৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট,(সকল)
- ২। পুলিশ সুপার,.....(সকল)
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
- ৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান,(সকল)। স্ব স্ব এলাকায় হাট বাজারে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৫। মেয়র, নরসিংদী সদর/ মাধবদী ও ঘোড়াশাল পৌরসভা। স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার,(সকল)। (তার প্রশাসনিক অধিক্ষেত্রে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ।
- ৭। মেয়র, শিবপুর, মনোহরদী ও রায়পুরা পৌরসভা। স্ব স্ব এলাকায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, নরসিংদী
- ৯। অফিসার ইনচার্জ, থানা (সকল), নরসিংদী। (তীর থানাধীন আন্বেয়ান্ত্র লাইসেন্সধারীগণকে নির্দিষ্ট সময়ের মধ্যে নিজ নিজ লাইসেন্স নবায়ন করার বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। জেলা তথ্য অফিসার, নরসিংদী (বিজ্ঞপ্তিটি নরসিংদী জেলা অধিক্ষেত্রে বহল প্রচার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, নরসিংদী সদর, নরসিংদী (বিজ্ঞপ্তিটি নরসিংদীর ওয়েব পোর্টাল এবং জেলা প্রশাসনের ফেসবুক (Facebook) পেজে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ১২। মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ব্যবস্থাপক, ব্যাংক লি: (তীর আওতাধীন সংশ্লিষ্ট ব্যাংক শাখাকে অবহিত করার জন্য)।
- ১৩। সম্পাদক, দৈনিক গ্রামীণ দর্পণ পত্রিকা, নরসিংদী। বিজ্ঞপ্তিটি তীর পত্রিকায় সৌজন্য সংখ্যা হিসেবে বিনামূল্যে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৪। ক্যাবল অপারেটর, নরসিংদী কেবল নেটওয়ার্ক, ভেলানগর, সদর, নরসিংদী (বিজ্ঞপ্তিটি নরসিংদী ক্যাবল নেটওয়ার্ক-এ বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো।


জেলা ম্যাজিস্ট্রেট
নরসিংদী